দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 FEB 1997 ..
পৃষ্ঠা ... কলাম ...

45

# শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১৫ দফা মেনে নেয়ার আহ্বান

**স্টাফ রিপোর্টার ॥** বাংলাদেশ শিক্ষক সমিতি সমগ্র শিক্ষা ব্যবস্থা জাতীয়করণসহ ১৫ দফা দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। বুধবার ঢাকায় এক সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়।

সমিতির সভাপতি মোঃ কামরুজ্জামান সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন। সংগঠনের সহ-সভানেত্রী হেনা দাস ও সাধারণ সম্পাদক চৌধুরী খুরশীদ আলমসহ অন্য নেতৃবৃন্দ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন।

শিক্ষক নেতৃবৃন্দ ১৯৯৮ সালের এসএসসি পরীক্ষার্থীদের জন্য নবম শ্রেণীতে যে পাঠ্যক্রম, পাঠ্যসূচী ও পাঠ্যবই চালু করা হয়েছে তা সম্পূর্ণ অবৈজ্ঞানিক, অবাস্তব ও শিক্ষার্থীদের ধারণ ক্ষমতার অতিরিক্ত বলে সংশোধনের দাবি জানান।

তাঁরা পে-কমিশনে বিবেচিতব্য পে-স্কেলে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অন্তর্ভুক্ত করার দাবি জানান।

সাংবাদিক সম্মেলনে বিএনপি সরকারের আমলে ঘোষিত 'জনবল কাঠামো' বাতিল, শিক্ষা ব্যবস্থা হতে সাম্প্রদায়িকতা নির্মূল, সরকারী শিক্ষকদের পাশাপাশি বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতন শতকরা ১০ ভাগ বৃদ্ধি এবং শিক্ষা জাতীয়করণ কর্মসূচী বাস্তবায়িত না হওয়া পর্যন্ত শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারী অংশ ৮০ ভাগ হতে ১০০ ভাগে উন্নীত করার দাবি জানানো হয়।

শিক্ষক নেতৃবৃন্দ বেসরকারী শিক্ষক কল্যাণ ট্রাস্টের পুনর্গঠন এবং ট্রাস্ট ফান্ড হতে অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের গ্রাচুইটি প্রদানের ব্যবস্থা করার আহ্বান জানান।